ভোরের কাগজ

ইউনেস্কোর প্রতিবেদন

# উন্নয়নশীল দেশের প্রতি ৫ শিশুর ১ জন স্কুলে পড়ার সুযোগ পাচ্ছে না

উন্নয়নশীল দেশগুলোতে বর্তমানে প্রতি ৫টি শিশুর মধ্যে একজন স্কুলে পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ইউনেস্কোর এক প্রতিবেদনে গত সোমবার এই তথ্য জানানো হয়। সিনহুয়া।

রিপোর্টে বলা হয়, ২০০০ সালে জাতিসংঘ ঘোষিত 'সবার জন্য শিক্ষা' কর্মসূচির লক্ষ্য অর্জনে ৩২টি উন্নয়নশীল দেশ ব্যর্থ হবে। সাব-সাহারান আফ্রিকা, দক্ষিণ এশিয়া এবং আরব দেশসমূহের প্রায় ১০ কোটি শিশু স্কুলে যাওয়ার সুযোগ থেকে বঞ্চিত। এরমধ্যে ৬০ শতাংশেরও বেশি মেয়ে শিশু। ২০১৫ সালের মধ্যে প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়িত করতে হলে আরো ১৫ কোটি ৬০ লাখ শিশুকে এই কর্মসূচির আওতায় নিয়ে আসতে হবে। এদের মধ্যে সাব-সাহারান আফ্রিকার ৮ কোটি ৮০ লাখ, দক্ষিণ এশিয়ার ৪ কোটি এবং আরব দেশসমূহের ২ কোটি ৫০ লাখ শিশুকে এই কার্যক্রমের অন্তর্ভুক্ত করতে হবে। ৩২টি উন্নয়নশীল দেশের অধিকাংশই আফ্রিকা মহাদেশভুক্ত। ইউনেস্কো বলছে, কার্যকর পদক্ষেপ না নিতে পারলে আফ্রিকার দেশগুলোর পক্ষে এই লক্ষ্য অর্জন করা কঠিন হবে।

ইউনেস্কোর প্রতিবেদন অনুযায়ী ২০১৫ সাল নাগাদ সব শিশুর জন্য প্রাথমিক শিক্ষা কর্মসূচি সফল করতে হলে প্রতি বছর ৮-১৫ শত কোটি মার্কিন ডলার অতিরিক্ত ব্যয় করতে হবে। এই কর্মসূচি বাস্তবায়নের জন্য সর্বোচ্চ যে ব্যয়ভার ধরা হয়েছে তা দাতা এবং উন্নয়নশীল দেশগুলোর মোট জাতীয় আয়ের যথাক্রমে ০ দশমিক ০৬ এবং ০ দশমিক ৩ শতাংশ।

গত বছরের এপ্রিলে সেনেগালের ডাকারে বিশ্ব শিক্ষা ফোরামের যে সম্মেলন অনুষ্ঠিত হয়, ইউনেস্কোর বর্তমান প্রতিবেদনটি তার একটি অংশ। ইউনেস্কোর সদর দপ্তরে গত সোম এবং মঙ্গলবার 'সবার জন্য শিক্ষা' শীর্ষক উচ্চ পর্যায়ের প্রথম বার্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে এই প্রতিবেদনটি প্রকাশ করা হয়।